প্রথম আলো

# মেট্রোরেলের খসড়ার চূড়ান্ত অনুমোদন

আপডেট: ০১:৩৬, নভেম্বর ১১, ২০১৪ |

বহুল আলোচিত মেট্রোরেলের জন্য আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন করেছে মন্ত্রিসভা। প্রায় ২২ হাজার কোটি টাকার এই প্রকল্প রাজধানীর যানজট নিরসন ও যাত্রী পরিবহন সমস্যার সমাধানে বড় ধরনের ভূমিকা রাখবে বলে সরকার আশা করছে। মেট্রোরেলে থাকবে ১৬টি স্টেশন। উত্তরা থেকে শুরু হয়ে ওই রেল বাংলাদেশ ব্যাংকে এসে শেষ হবে।

গতকাল সোমবার মন্ত্রিসভার বৈঠকে খসড়াটির চূড়ান্ত অনুমোদন হয়। পরে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ মোশাররফ হোসাইন ভূইঞা জানান, প্রকল্পে সরকার দেবে পাঁচ হাজার ৪০০ কোটি টাকা। জাইকা দেবে ১৬ হাজার ৫০০ কোটি টাকা। মেট্রোরেল ২০ দশমিক ১ কিলোমিটার দীর্ঘ হবে, প্রতি ঘণ্টায় ৬০ হাজার যাত্রী পরিবহন করতে পারবে। মেট্রোরেলের নকশা চূড়ান্ত করার লক্ষ্যে প্রস্তুতিমূলক কাজ চলার কথা উল্লেখ করে সচিব বলেন, এটি বিশাল এক কর্মযজ্ঞ। বিভিন্ন ধরনের জরিপ শুরু হয়েছে।

মেট্রোরেল পরিচালনার জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ে সবাইকে লাইসেন্স নিতে হবে। তবে সরকারি প্রতিষ্ঠানগুলোকে লাইসেন্স ফি দিতে হবে না। একটি কমিটির মাধ্যমে লাইসেন্স দেওয়া হবে। ভাড়াও নির্ধারণ হবে কমিটির মাধ্যমে। বিনা টিকিটে মেট্রোরেলে চলাচল করলে ভাড়ার ১০ গুণ বেশি জরিমানা দিতে হবে।